# নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে নুরুল হক নুরকে শোকজ



নুরুল হক নুর। ছবি: সংগৃহীত

পটুয়াখালী-৩ আসনে বিএনপি জোটের প্রার্থী ও অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরকে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে শোকজ করা হয়েছে। এটি জানানো হয়েছে নির্বাচনী অনুসন্ধান ও বিচারিক কমিটির সাব্বির মো. খালিদের স্বাক্ষরিত নোটিশে।

নোটিশে বলা হয়েছে, ২৭ জানুয়ারি অ্যাডভোকেট এনামুল হক নুরুল হকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। অভিযোগের মধ্যে উল্লেখ, নুর নির্বাচনী প্রচারণায় স্বতন্ত্র প্রার্থী মো. হাসান মামুন সম্পর্কে সামাজিক যোগাযোগমাধ্যমে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য ছড়িয়েছেন, যা আচরণবিধি ২০২৫-এর বিধি ১৫(ক) ও ১৬(গ)(ছ) লঙ্ঘন।

একই সঙ্গে অভিযোগ করা হয়েছে, ২৬ জানুয়ারি রাত ৮টার সময় নুরের সমর্থকরা পটুয়াখালীর দশমিনা উপজেলার পাগলা বাজার ও চরবোরহান নির্বাচনী অফিসে ভাঙচুর চালান এবং স্বতন্ত্র প্রার্থীর কর্মীদের আহত করেন। কমিটির মতে, এ ঘটনা আচরণবিধির বিধি ৬(ক)-এর পরিপন্থী।

নূরুল হক নুরকে আগামী ৩ ফেব্রুয়ারি সকাল ১১:৩০ টায় কমিটির কার্যালয়ে উপস্থিত হয়ে লিখিত ব্যাখ্যা দেওয়ার জন্য বলা হয়েছে। নুর বলেন, এখনও নোটিশ হাতে পাননি, তাই এ বিষয়ে কিছু বলা সম্ভব নয়।

LENS ASIA